

এস এস বসন্ত ধরাতলে ।
 আনো কুহুতান, প্রেমগান,
 আনো গন্ধমদভরে অলস সমীরণ;
 আনো নবযৌবন-হিল্লোল, নব প্রাণ,
 প্রফুল্ল নবীন বাসনা ধরাতলে ।
 এস থরথর-কম্পিত, মর্মর-মুখরিত,
 নব-পল্লব-পুলকিত
 ফুল-আকুল-মালতী-বল্লি বিতানে,
 সুখছায়ে মধুবায়ে, এস এস ।
 এস অরুণ-চরণ-কমল-বরন তরুণ উষার কোলে ।
 এস জ্যোৎস্না-বিবশ নিশীথে,
 কল-কল্লোল তটিনী-তীরে,
 সুখসুপ্ত সরসী-নীরে, এস এস ।
 এস যৌবন-কাতর হৃদয়ে,
 এস মিলন-সুখালস নয়নে,
 এস মধুর শরম মাঝারে,
 দাও বাহুতে বাহু বাঁধি,
 নবীন কুসুম পাশে রচি দাও নবীন মিলন-বাঁধন ।

Parjaay: Mayar Khela, Taal: Tritaal, Raag: Basant-Pancham-Bhairav-Bahaar
 Visit www.geetabitan.com for notation and other detail